কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
(সংস্থাপন বিভাগ)
www.badc.gov.bd

নম্বর-১২.০৬.০০০০.২০৩.০১.০৬০.১৫-৭৫০২

তারিখঃ ১৪ পৌষ ১৪২৮। / ২৯ ডিসেম্বর ২০২১।

বিষয়ঃ মাসিক অডিট সভার নোটিশ (ডিসেম্বর ২০২১ মাস)।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর প্রশাসন উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে ডিসেম্বর ২০২১ মাসের অডিট সভা আগামী ৩০ ডিসেম্বর ২০২১ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সচিব, বিএডিসি মহোদয় এর সভাপতিত্বে সংস্থার সম্মেলন কক্ষে (১১ম তলা) স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক অনুষ্ঠিত হবে।

০২. উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১. বিগত ২৯ নভেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত বিএডিসি'র প্রশাসন উইং এর অডিট আপত্তি পর্যালোচনা বিষয়ক সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ;
০২. ডিসেম্বর ২০২১ সময়ের প্রশাসন উইং এর অধীন বিভিন্ন বিভাগের অডিট অগ্রগতি পর্যালোচনা;
০৩. বিবিধ।

সংযুক্তিঃ অডিট সভার কার্যপত্র।

(মোহাম্মদ জাকিরুল ইসলাম)
যুগ্মপরিচালক (চলতি দায়িত্ব)
বিএডিসি, ঢাকা।
ফোন: ২২৩৩৫৯৮৩৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১) সচিব, বিএডিসি, ঢাকা।
০২) ............................................................... বিএডিসি, ঢাকা।
(সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান)
০৩) নিয়ন্ত্রক, অডিট বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
০৪) যুগ্মনিয়ন্ত্রক, অডিট বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
০৫) একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
০৬) উপপরিচালক-১, সংস্থাপন বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
০৭) কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
০৮) সহকারী পরিচালক, সংস্থাপন বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (সভার কার্যপত্র, উপস্থিতিশীট প্রস্তুত রাখা ও আপ্যায়নের ব্যবস্থা নেয়ার অনুরোধসহ)।
০৯) অফিস কপি/মাস্টার ফাইল।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
সংস্থাপন বিভাগ
www.badc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**প্রশাসন উইং এর ডিসেম্বর ২০২১ সময়ের মাসিক অডিট আপত্তি পর্যালোচনার নিমিত্ত আগামী ৩০ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য সভার কার্যপত্রঃ**

আলোচ্য বিষয় (ক) : বিগত ২৯ নভেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত বিএডিসি'র প্রশাসন উইং এর অডিট আপত্তি পর্যালোচনা বিষয়ক সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ প্রসঙ্গে।

| ক্রঃ নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্তের অগ্রগতি/বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ১ | মনিটরিং বিভাগ | সাধারণ-০৯<br>নিষ্পত্তি-০৮<br>**অনিষ্পন্ন-০১**<br>অগ্রিম-০০<br>সংকলনভুক্ত -০৮ নিষ্পত্তি-০৩<br>**অনিষ্পন্ন-০৫** | ক) মনিটরিং বিভাগ থেকে জানা যায় যে, তাঁদের গাড়ি সংক্রান্ত ০১ (এক) টি সাধারণ আপত্তির বিষয়ে দ্বি-পক্ষীয় সভায় উক্ত বিষয়ে আলোচনা হয়েছে এবং তা নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে যা জারীপত্রের অপেক্ষায় রয়েছে।<br>খ) মনিটরিং বিভাগ থেকে আরও জানা যায় যে, তাঁদের সংকলনভুক্ত ০৫টি আপত্তির মধ্যে ০৩ (তিন)টি আপত্তি পিএ কমিটি কর্তৃক নিষ্পত্তির সুপারিশপ্রাপ্ত যেগুলোর জারীপত্র এখনও পাওয়া যায়নি। অন্য ০২ (দুই)টি সংকলনভুক্ত আপত্তিও নিষ্পত্তির জন্য সিএন্ডএজি এর সুপারিশপ্রাপ্ত। | জারীপত্র পাওয়ার বিষয়ে অডিট বিভাগকে ফলোআপ করতে হবে এবং কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | মনিটরিং বিভাগ ও অডিট বিভাগ এ বিষয়ে সভায় অগ্রগতি জানাবেন। |
| ২ | ক্রয় বিভাগ | সাধারণ -১১০<br>নিষ্পত্তি-১০৬<br>**অনিষ্পন্ন-০৪**<br>অগ্রিম-১৩৪<br>নিষ্পত্তি-৭৩<br>**অনিষ্পন্ন-৬১**<br>সংকলনভুক্ত -১৮<br>নিষ্পত্তি-০৮<br>**অনিষ্পন্ন-১০** | ক) ক্রয় বিভাগের ০৪টি অমীমাংসিত সাধারণ আপত্তি রয়েছে। ০৪টি অমীমাংসিত অডিট আপত্তির জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>ফেব্রুয়ারি ২০২১ মাসে ২০১৩-১৪ নিরীক্ষা বছরের সাধারণ অনুচ্ছেদ -৩৩, ২০১৪-১৫ নিরীক্ষা বছরের সাধারণ অনুচ্ছেদ -১৩, ২০১৫-১৬ নিরীক্ষা বছরের সাধারণ অনুচ্ছেদ -১৯ এবং ২০১৬-১৭ নিরীক্ষা বছরের সাধারণ অনুচ্ছেদ -১.৪৭ এর পুনঃজবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>খ) ক্রয় বিভাগের অনিষ্পন্ন ৬১টি অগ্রীম অডিট আপত্তির জবাব প্রেরণ করা হয়েছে। | ক) আপত্তিগুলো নিষ্পত্তির নিমিত্ত অডিট বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ) অনিষ্পন্ন সকল আপত্তির জবাব/পুন:জবাব অডিট বিভাগে প্রেরণ করতে হবে। (তবে আপত্তি সংশ্লিষ্ট বিষয়ে মহামান্য আদালতে মামলা থাকলে সেক্ষেত্রে মহামান্য আদালতের সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা নিতে হবে)।<br>জারিপত্র পাওয়ার বিষয়ে অডিট বিভাগকে কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ | ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স ইউনুস আলী এন্ড সন্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক বিবাদী ইঞ্জিনিয়ার মোঃ ইউনুস আলী এর বর্তমান ঠিকানা ক্রয় বিভাগ কর্তৃক জরুরীভিত্তিতে সংগ্রহপূর্বক আইন বিভাগকে অবহিতকরণের বিষয়ে ক্রয় বিভাগ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, ক্রয় বিভাগ থেকে এ সংক্রান্ত নথি খুঁজে না পাওয়ায় উক্ত ঠিকানা সংগ্রহ করা সম্ভব হচ্ছে না, তবে বর্ণিত ক্রয় সংক্রান্ত নথি হারিয়ে যাওয়ার সাথে জড়িত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের চিহ্নিতকরণে তদন্ত কমিটি গঠনের জন্য সংস্থাপন বিভাগে পত্র প্রদান করা হচ্ছে। |

| ক্রঃ নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্তের অগ্রগতি/বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | | গ) গ) ক্রয় বিভাগের সংকলনভুক্ত অমীমাংসিত ১০ টি আপত্তির মধ্যে ০৪টির বিষয়ে মহামান্য হাইকোর্টে মামলা বিচারাধীন রয়েছে। অবশিষ্ট ০৬টি আপত্তির জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>মামালাধীন ০৪টি আপত্তির বিষয়ে উপপরিচালক (আইন) সভায় জানান যে, ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স ইউনুস আলী এন্ড সন্স লিঃ এর বিরুদ্ধে জজ কোর্টে চলমান সি আর কেস নম্বরঃ১০৭-১০৮/২০১৩ মামলায় বিজ্ঞ আদালতের নির্দেশনা মোতাবেক মতিঝিল থানা কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। ইঞ্জিনিয়ার মোঃ ইউনুস আলীর ঠিকানা না থাকায় তদন্ত কার্যক্রম সম্পন্ন হলো না মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে মামলা পরিচালনাকারী আইনজীবীর সাথে যোগাযোগ করা হলে তিনি জানান যে, সঠিক ঠিকানা পাওয়া না গেলে মামলা দুটি খারিজ হওয়ার সম্ভাবনা রয়েছে। মামলাটি ক্রয় বিভাগ কর্তৃক দাখিলকৃত বিধায় বিবাদী ইঞ্জিনিয়ার মোঃ ইউনুস আলী এর বর্তমান ঠিকানা সংগ্রহপূর্বক আইন বিভাগকে অবহিত করার জন্য তিনি অনুরোধ জানান।<br>মহামান্য হাইকোর্ট ডিভিশনে বিচারাধীন মামলার বিষয়ে উপপরিচালক (আইন) সভায় জানান যে, মহামান্য হাইকোর্ট বিভাগ ম্যানুয়ালি শুরু হলে মামলা পরিচালনাকারী আইনজীবীর মাধ্যমে মামলাটি কজলিস্টে এনে শুনানী গ্রহণপূর্বক দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা হবে।<br>আরবিট্রেশন মামলার বিষয়ে তিনি জানান যে, চলমান আরবিট্রেশন মামলায় ইতোমধ্যে সাক্ষ্য গ্রহণ শেষ হয়েছে। যুক্তিতর্ক শুনানীর পর মামলার রায় প্রদান করা হবে। | রাখতে হবে।<br>গ) ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স ইউনুস আলী এন্ড সন্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক বিবাদী ইঞ্জিনিয়ার মোঃ ইউনুস আলী এর বর্তমান ঠিকানা ক্রয় বিভাগ কর্তৃক জরুরীভিত্তিতে সংগ্রহপূর্বক আইন বিভাগকে অবহিত করতে হবে।<br>অন্যান্য মামলাগুলো নিষ্পত্তির নিমিত্তে আইন বিভাগকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>সংকলনভুক্ত অন্যান্য আপত্তিগুলো নিষ্পত্তির নিমিত্ত অডিট বিভাগ ও আইন বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অন্যান্য অগ্রগতির বিষয়ে ক্রয় বিভাগ সভায় অবহিত করবেন। |
| ৩ | সাধারণ পরিচর্যা বিভাগ | সাধারণ -১০২<br>নিষ্পত্তি-৯১<br>**অনিষ্পন্ন-১১**<br>অগ্রিম-৬৫<br>নিষ্পত্তি-৪৭<br>**অনিষ্পন্ন-১৮**<br>সংকলনভুক্ত -০৪<br>নিষ্পত্তি-০০<br>**অনিষ্পন্ন-০৪** | সাধারণ পরিচর্যা বিভাগ থেকে জানা যায় যে,<br>ক) তাঁদের ২২/০৯/২০২০ তারিখের ৩২৮ নং স্মারকমূলে ২০১৪-১৫ নিরীক্ষা বছরের ৪৫ নং সাধারণ আপত্তির পুনঃজবাব এবং ২০১৯-২০ অর্থ বছরের কৃষি পরিবেশ অডিট অধিদপ্তর কর্তৃক উথাপিত সাধারণ আপত্তি নং-৩৪ ও ৫২ এর ব্রডশীট জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>খ) ২০১৬-১৭ অর্থ বছরের অগ্রিম আপত্তি নং-১.১৩ ও সাধারণ আপত্তি নং-১.৪২ যথাক্রমে ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা করার জন্য প্রমাণকসহ কার্যপত্র অডিট বিভাগে যথাক্রমে বিগত ০৪ নভেম্বর ২০২০ ও | ক) অনিষ্পন্ন সকল আপত্তির জবাব/পুন:জবাব অডিট বিভাগে প্রেরণ করতে হবে।<br>খ) দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা আয়োজন এবং জারিপত্র পাওয়ার বিষয়ে অডিট বিভাগকে কৃষি ও পরিবেশ অডিট | সাধারণ পরিচর্যা বিভাগ সভায় অগ্রগতি জানাবেন। |

| ক্রঃ নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্তের অগ্রগতি/বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | | বিগত ১০ নভেম্বর ২০২০ তারিখে যথাক্রমে ৪০০ ও ৪১৬ নং স্মারকের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে, অগ্রিম আপত্তি নং-১.১৩ এর উপর বিগত ৩০ ডিসেম্বর ২০২০ তারিখে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় উক্ত আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে। সভায় কার্যবিবরণী প্রস্তুতপূর্বক স্বাক্ষরের জন্য সংস্থার অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>গ) সাধারণ পরিচর্যা বিভাগের মোট ০৪টি সংকলনভুক্ত আপত্তি রয়েছে। তন্মধ্যে দু'টি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত রয়েছে। একটি সংকলনভুক্ত আপত্তি অবলোপনের জন্য প্রস্তাব করা হয়েছে। অবশিষ্ট একটি পুনঃজবাব প্রস্তুত করার নিমিত্ত প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। | অধিদপ্তরের সাথে যোগাযোগ বৃদ্ধি করতে হবে।<br>গ) অবলোপনের জন্য অডিট বিভাগে প্রেরিত সংকলনভুক্ত অডিট আপত্তিটি অবলোপনের অনুমোদনের জন্য পরবর্তী সাধারণ সভায় সমন্বয় বিভাগের মাধ্যমে উপস্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে কার্যপত্রসহ প্রয়োজনীয় ডকুমেন্ট সমন্বয় বিভাগে প্রেরণ করতে হবে। | |
| ৪ | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ | সাধারণ -০৫<br>নিষ্পত্তি-০৪<br>**অনিষ্পন্ন-০১**<br>অগ্রিম-০৩<br>নিষ্পত্তি-০০<br>**অনিষ্পন্ন-০৩**<br>সংকলনভুক্ত-০ | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের ০১ টি সাধারণ আপত্তির পুন:জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>অনিষ্পন্ন-০৩ টি অগ্রিম আপত্তির জবাব/পুন:জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়াও, বিগত ৩০.১২.২০২১ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় অগ্রিম আপত্তি অনুচ্ছেদ-১৩ নিষ্পত্তির বিষয়ে সুপারিশ করা হয়েছে যার কার্যবিবরণী অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে। | অনিষ্পন্ন সকল আপত্তির জবাব/পুন:জবাব অডিট বিভাগে প্রেরণ করতে হবে।<br>অডিট বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ/ অডিট বিভাগ সভায় অগ্রগতি জানাবেন। |
| ৫ | নিয়োগ ও কল্যাণ বিভাগ | সাধারণ -০৪<br>নিষ্পত্তি-০৩<br>**অনিষ্পন্ন-০১**<br>অগ্রিম-০২<br>নিষ্পত্তি-০০<br>**অনিষ্পন্ন-০২**<br>সংকলনভুক্ত-০০ | নিয়োগ ও কল্যাণ বিভাগ থেকে জানা যায় যে, তাদের মোট ০৩ (তিন)টি অনিষ্পন্ন আপত্তির মধ্যে ০১ (এক) টি সাধারণ ও ০১ (এক)টি অগ্রিম আপত্তির কার্যপত্র অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে ; যা সভা'র অপেক্ষায় রয়েছে। | অনিষ্পন্ন সকল আপত্তির জবাব/পুন:জবাব অডিট বিভাগে প্রেরণ করতে হবে। সংস্থার অডিট বিভাগকে কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরের সাথে আলোচনা করে জুম ক্লাউড মিটিং প্ল্যাটফর্মে সভা আয়োজনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | নিয়োগ ও কল্যাণ বিভাগ/অডিট বিভাগ সভায় অগ্রগতি জানাবেন। |
| ৬ | তদন্ত বিভাগ | সাধারণ-০০<br>অগ্রিম-০০<br>সংকলনভুক্ত-০১ | তদন্ত বিভাগ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী দি ওরিয়েন্টাল ব্যাংক থেকে প্রাপ্য ২,১১,২০,০০০/- টাকা মোট ২১ টি কিস্তির মাধ্যমে ডিসেম্বর ২০১৮ এর মধ্যে পরিশোধ করার কথা থাকলেও ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ১৭ টি কিস্তির মাধ্যমে ১,৩৯,৮১,০০০/- পরিশোধ করা হয়। বাকি ৭১,৩৯,০০০/- টাকা ০৪ কিস্তিতে পরিশোধ করার সময় ডিসেম্বর ২০১৮ থাকলেও তা করা হয়নি। তাই, কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক পাওনা আদায়ের লক্ষ্যে বিএডিসি কর্তৃক কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অর্থ মন্ত্রণালয় থেকে তা বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়েছে। | বিএডিসি'র অবশিষ্ট পাওনা আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট পক্ষসমূহের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | তদন্ত বিভাগ সভায় অগ্রগতি জানাবেন। |

| ক্রঃ নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্তের অগ্রগতি/বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৭ | সংস্থাপন বিভাগ | সাধারণ-০৮<br>নিষ্পত্তি-০৫<br>**অনিষ্পন্ন-০৩**<br><br>অগ্রিম-০৭<br>নিষ্পত্তি-০২<br>**অনিষ্পন্ন-০৫**<br>সংকলনভুক্ত-০০ | সংস্থাপন বিভাগের সম্মানী ভাতা সংক্রান্ত ১৯৯৩-১৯৯৪ অর্থ বছরের ০১ টি অগ্রিম অডিট আপত্তি (অনুচ্ছেদ-২৫) কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পন্ন হয়েছে ও জারিপত্র পাওয়া গেছে (স্মারক নম্বর-২৪১; তারিখঃ ০৬/১০/২০২১)। বর্তমানে অনিষ্পন্ন অগ্রিম আপত্তির সংখ্যা ০৫ টি ও অনিষ্পন্ন সাধারণ আপত্তির সংখ্যা ০৩ টি; মোট অনিষ্পন্ন আপত্তির সংখ্যা ০৮ (আট) টি। | অনিষ্পন্ন সকল আপত্তির জবাব/পুন:জবাব অডিট বিভাগে প্রেরণ করতে হবে। অডিট বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সংস্থাপন বিভাগের সম্মানী ভাতা সংক্রান্ত ১৯৯৩-১৯৯৪ অর্থ বছরের ০১ টি অগ্রিম অডিট আপত্তি (অনুচ্ছেদ-২৫) কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পন্ন হয়েছে ও জারিপত্র পাওয়া গেছে (স্মারক নম্বর-২৪১; তারিখঃ ০৬/১০/২০২১)। |
| ৮ | দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন | | অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অধিক সংখ্যক দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের বিষয়ে সচিব মহোদয় অডিট বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন এবং কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরের সাথে লিখিত যোগাযোগ বৃদ্ধি করার বিষয়ে গুরুত্বারোপ করেন। | অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অধিক সংখ্যক দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সভাকে অডিট বিভাগ এ বিষয়ে অবহিত করবেন। |
| ৯ | নির্ধারিত ছক মোতাবেক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ | | নির্ধারিত ছক মোতাবেক অডিট আপত্তির বিবরণ ও আপত্তিতে জড়িত টাকার পরিমাণ, সর্বশেষ অবস্থাসহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | নিম্নবর্ণিত ছক-ক মোতাবেক অডিট আপত্তির বিবরণ ও আপত্তিতে জড়িত টাকার পরিমাণ, সর্বশেষ অবস্থাসহ অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সংস্থাপন বিভাগে প্রেরণ করতে হবে। | ক) নিয়োগ ও কল্যাণ বিভাগ, সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ এবং সংস্থাপন বিভাগের অগ্রগতি প্রতিবেদন পাওয়া গেছে। |

**ছক-ক**

| ক্রঃ নং | আপত্তির অর্থ বছর | আপত্তির ধরণ ও অনুচ্ছেদ নম্বর | আপত্তির সংক্ষিপ্ত বিবরণ | আপত্তিতে জড়িত টাকার পরিমাণ | সর্বশেষ অবস্থা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

প্রশাসন উইং এর অডিট আপত্তি সংক্রান্ত তথ্যঃ (হালনাগাদঃ ২৯/১২/২০২১)

| ক্র. নং | আপত্তির ধরন | মোট আপত্তি | নিষ্পন্ন | অনিষ্পন্ন |
|---|---|---|---|---|
| ০১. | সাধারণ | ২৩৮ | ২১৮ | ২০ |
| ০২. | অগ্রিম | ২১২ | ১২৩ | ৮৯ |
| ০৩. | সংকলনভুক্ত | ৩১ | ১১ | ২০ |
| | **সর্বমোট=** | **৪৮১** | **৩৫২** | **১২৯** |
| প্রশাসন উইং এর নিষ্পত্তিকৃত আপত্তি (%)=৭৩.১৯% | | | | |

(মোহাম্মদ জাকিরুল ইসলাম)
যুগ্মপরিচালক (চ.দা)
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর- ২২৩৩৫৯৮৩৯
e-mail: establishment@badc.gov.bd